

বিভাগীয় কার্যসম্পন্নতার ক্যালেন্ডার	তারিখ: ১৯/৬/১১
নির্বাহক	১৯/৬/১১
সি: নং	১৯/৬/১১
সং: ক:	নং ০৪.২২২.০৪৫.০০.০১.০০৭.২০১১-৪৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাস্তবায়ন ও মনিটরিং শাখা
www.cabinet.gov.bd

তারিখ: ১৪ আষাঢ় ১৪১৮
২৮ জুন ২০১১

বিষয়ঃ সরকারী কাজে কম্পিউটারে বাংলায় ব্যবহার দ্রুত প্রমিতকরণ নিশ্চিতকরণসহ সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধিনস্ত দপ্তরসমূহে অনতিবিলম্বে বাংলা ইউনিকোড-এর ব্যবহার সংক্রান্ত প্রজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে গত ১৬ জুন ২০১১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত সংযুক্ত প্রজ্ঞাপনটি তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরসমূহে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ প্রজ্ঞাপনের ০১ (এক) কপি।

২৮ জুন ২০১১
(তাহমিনা ইয়াসমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৩৬০১
ই-মেল: im_sec@cabinet.gov.bd

বিতরণঃ

- ১। সচিব (সকল)।
- ২। জেলা প্রশাসক (সকল)।

অনুলিপি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রসওবা), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ ও জাতীয় প্রকল্প পরিচালক (এটুআই কর্মসূচি), প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)।

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৬, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ জ্যৈষ্ঠ ১৪১৮/০১ জুন ২০১১

নং ০৪.২২২.০৪৫.০০.০১.০০৭.২০১০.৩১—সরকারি সিদ্ধান্ত অনুসারে সরকারি কাজে কম্পিউটারে বাংলার ব্যবহার দ্রুত প্রমিতকরণ নিশ্চিতকরণসহ সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমূহে অনতিবিলম্বে বাংলা ইউনিকোড-এর ব্যবহার শুরু করতে হবে। সেমতে ইউনিকোড-৬.০ ফন্ট-এর জরুরী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের উদ্যোগে ইউনিকোড কনসোর্টিয়ামের গৃহীত মান UNICODE 6.0 এর আলোকে BDS 1520:2011 Specification for Bangla Coded Character set for Information Interchange বাংলাদেশ মানটি Bangladesh Standards and Testing Institution (BSTI) কর্তৃক গত ১৫-০২-২০১১ তারিখে জাতীয় মান হিসেবে গৃহীত হয়েছে। সেইসঙ্গে UNICODE 6.0 মানের কয়েকটি ফন্টের তালিকা কম্পিউটারে ব্যবহারের সুবিধার্থে নিম্নে উল্লেখ করা হলো :

ক্রমিক নং	ফন্ট	স্বত্বাধিকারী
১।	নিকস (NIKOSH)	বাংলাদেশ নির্বাচন কমিশন
২।	সোলায়মানলিপি (Solaimanlipi)	মুক্ত লাইসেন্স
৩।	বৃন্দা (Vrinda)	মাইক্রোসফট কর্পোরেশন

(৫৪৮৭)

মূল্য : টাকা ২.০০

ক্রমিক নং	ফন্ট	স্বত্বাধিকারী
৪।	সুতনীওএমজে (SutonnyOMJ)	আনন্দ কম্পিউটারস্
৫।	মুক্তি (Mukti)	লিন্যাক্স

২। বর্ণিত অবস্থার আলোকে সরকারি কাজে কম্পিউটারে বাংলা ব্যবহার দ্রুত প্রমিতকরণ নিশ্চিতকরণের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরসমূহে উল্লিখিত ইউনিকোড-৬.০ ফন্ট ব্যবহার করতে হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খন্দকার আনোয়ারুল ইসলাম

অতিরিক্ত সচিব।